গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও ।
www.dss.haripur.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪১.০১.৯৪৫১.০০০.৬৬.০০১.২৬. ১৫৮

তারিখ : ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

## ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্থগিতকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নম্বর : ৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০১.২৬.৫৫৬; তারিখ: ২৮ জুলাই ২০২৬ খ্রি: মোতাবেক অত্র উপজেলায় ফ্যামিলি কার্ড শুমারী -২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে আবেদনকারীর শিক্ষা সনদ এবং অন্যান্য দলিলাদি যাচাই-বাছাইয়ের জন্য ২৯-৩০ জুলাই ২০২৬ খ্রি: সময়সীমা নির্ধারন করা হয়েছে । একইসাথে আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা ১-৭ আগষ্ট ২০২৬ খ্রি: তারিখ সময়সীমার মধ্যে গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৯ জুলাই ২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিতব্য ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা স্থগিত করা হলো । পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও স্থান জানানো হবে ।

২৮/৭/২৬
মো: আব্দুর রহিম
উপজেলা সমাজসেবা অফিসার(অ.দা.)
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
হরিপুর, ঠাকুরগাঁও ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও ০২, বাংলাদেশ জাতীয় সংসদ , ঢাকা।
০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর ।
০৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
০৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও।
০৮। ................কর্মকর্তা (সকল), হরিপুর, ঠাকুরগাঁও ।
০৯। সভাপতি/সাধারণ সম্পাদক....................... (সকল প্রেস ক্লাব) হরিপুর, ঠাকুরগাঁও।[প্রচারের অনুরোধ সহ]
১০। অফিস কপি।

**ফ্যামিলি কার্ড সংক্রান্ত**
**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ফ্যামিলি কার্ড কর্মসূচি
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

নম্বর-৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬

তারিখ ১৩আষাঢ়, ১৪৩৩
২৮ জুলাই, ২০২৬

বিষয়: **ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার অনুযায়ী প্রান্তিক ও নিম্নআয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক 'ফ্যামিলি কার্ড কর্মসূচি' বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচির আওতায় চলতি ২০২৬-২৭ অর্থবছরে দেশব্যাপী সকল পরিবারের তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। ফ্যামিলি কার্ড কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে নির্ভুল তথ্য সংগ্রহ করা আবশ্যক। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তমোতাবেক যোগ্য তথ্য সংগ্রহকারী নির্বাচন করা প্রয়োজন।

**শর্তাবলি:**

(ক) 'ফ্যামিলি কার্ড' কর্মসূচিতে কাজ করতে আগ্রহী/উৎসাহী প্রার্থী;
(খ) শারীরিকভাবে সক্ষম (প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এ শর্ত প্রযোজ্য নয়); এবং
(গ) কম্পিউটার/ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনা করতে সক্ষম।

০২। বর্ণিতাবস্থায়, নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহকারী (Enumerator) নিযুক্তকরণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম. | কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ১ | আবেদনকারীর শিক্ষা সনদ এবং অন্যান্য দলিলাদি যাচাই-বাছাই | ২৯-৩০ জুলাই, ২০২৬ |
| ২ | মৌখিক পরীক্ষা | ১-৭ আগস্ট, ২০২৬ |

উল্লেখ্য, যেসকল আবেদনকারী ইতোমধ্যে আবেদন পত্র দাখিল ও মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন তাদের জন্য অনুচ্ছেদ-২ এর শর্ত প্রযোজ্য নয়।

০৩। নির্বাচিত তথ্য সংগ্রহকারী (Enumerator)-দের প্রশিক্ষণ ও অন্যান্য নির্দেশনা বিষয়ে পরবর্তীতে জানানো হবে।

০৪। বিষয়টি অতীব জরুরি।

M. Saiful ২৮/০৭/২৫
(মোঃ সাইফুল হক)
উপসচিব
ফোন: ৯৫১১০০৫
E-mail: sss@msw.gov.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
২. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর।
৩. উপজেলা সমাজসেবা অফিসার/শহর সমাজসেবা অফিসার (সকল), সমাজসেবা অধিদফতর।